

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ০৫ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/ ১৯ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ১৯৯-আইন/২০২৩/১৮৬/কাস্টমস।—সরকার, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ১ জুলাই, ২০১৫ খ্রিষ্টাব্দ জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২১২-আইন/২০১৫/৪৯/কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত “মূলধনী যন্ত্রপাতি, নির্মাণ উপকরণ এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৮-আইন/২০১৭/১৪/কাস্টমস এর TABLE এ বর্ণিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ” শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “নির্মাণ সামগ্রী এবং Customs Act, 1969 (Act No. IV of 1969) এর আওতায় জারীকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে রেয়াতি সুবিধাপ্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।